

ঘটলেও ইতোপূর্বে বিভিন্ন স্থানে এবং বিভিন্ন ঘটনায় নিহত ব্যক্তিদের মৃত দেহের ছবি সংগ্রহ করে প্রযুক্তির মাধ্যমে একত্রিত করে বানোয়াট ক্যাপশন তৈরী করে। যার কারণে এদেশের ধর্মপ্রাণ মুসলমানদের মাঝে চরম ক্ষোভের সৃষ্টি হয় এবং উক্ত আসামীর প্রকাশিত মিথ্যা সংবাদ আইন শৃঙ্খলা পরিস্থিতির উদ্ভব ঘটায়। ফলে দেশে বিদেশে রাষ্ট্রের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়। উক্ত আসামীর উল্লেখিত কর্মকাণ্ড তথ্য ও যোগাযোগ আইন ২০০৬ এর ৫৭(১) ও (২) ধারার অপরাধ। তাছাড়া উক্ত আসামী বিভিন্ন ধর্তব্য অপরাধের সহিত প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত রয়েছে মর্মে যথেষ্ট যুক্তিসঙ্গত কারণ রয়েছে এবং রাষ্ট্র ও সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক কর্মকাণ্ড ও সমাজে বিশৃঙ্খলা সৃষ্টির পরিকল্পনায় রত রয়েছে মর্মে তথ্য পাওয়া যাচ্ছে। তাই তাকে উল্লেখিত ঠিকানার অফিস/বাসা এর নীচ হতে গত ১০/০৮/২০১৩ ইং তারিখ দিবাগত রাত্রি অনুমান ২২.৩০ ঘটিকার সময় সূত্রে বর্ণিত ডায়রী মূলে গ্রেফতার করা হয়। প্রাথমিকভাবে উক্ত আসামীকে জিজ্ঞাসাবাদে প্রতীয়মান হয় যে, তার ওয়েব সাইটে প্রকাশিত উল্লেখিত তথ্য উদ্দেশ্যপ্রণোদিত, বানোয়াট এবং সরকার ও রাষ্ট্রের বিরুদ্ধে গভীর ষড়যন্ত্রের অংশ বিশেষ। তাই উক্ত গভীর ষড়যন্ত্রের রহস্য উদঘাটনের জন্য তাকে নিবিড়ভাবে জিজ্ঞাসাবাদ করা প্রয়োজন। উল্লেখ্য যে, উক্ত বিষয়ে ইতিপূর্বে উক্ত আসামীর বিরুদ্ধে গুলশান থানার জিডি নং-৫১৪, তারিখ-১০/০৮/২০১৩ ইং লিপিবদ্ধ করা হয়।

অতএব, প্রার্থনা সূত্রে বর্ণিত ডায়রী মূলে গ্রেফতারকৃত আসামী আদিলুর রহমান (শুভ্র) কে ঘটনাটির সুষ্ঠু তদন্তের স্বার্থে এবং উক্ত ঘটনায় তাহার সহযোগী পরিকল্পনাকারীদের নাম ঠিকানা সংগ্রহ মিথ্যা তথ্য প্রকাশ ও ষড়যন্ত্রের রহস্য উদঘাটনের জন্য পুলিশ হেফজতে নিয়ে জিজ্ঞাসাবাদের নিমিত্তে ১০ (দশ) দিনের পুলিশ রিমান্ড মঞ্জুর করতে মর্জি হয়।

তারিখ-১১/০৮/২০১৩ খ্রিঃ।

দাখিলকারী

আশরাফুল ইসলাম
(মোঃ আশরাফুল ইসলাম)

আইডি নং-বিপি নং ৭১৯৯০৪২৮২৭

পুলিশ পরিদর্শক (০৮ নং টিম)

গোয়েন্দা ও অপরাধ তথ্য (উত্তর) বিভাগ

ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।